সংবাদ

তারিখ : 26 JAN 2009
পৃষ্ঠা : ১১ কলাম : ৩

বাকৃবির শিক্ষক সমিতির নির্বাচন

# সভাপতিসহ সোনালী দল ৭টি ও সম্পাদকসহ ৪টি পদে ফোরাম বিজয়ী

বাকৃবি সংবাদদাতা : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ২০০৯ সালের শিক্ষক সমিতির নির্বাচনে ১১টি পদের মধ্যে বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষক সংগঠন সোনালী দল সভাপতিসহ ৭টি পদ এবং আওয়ামী ও বামপন্থী শিক্ষকদের গণতান্ত্রিক শিক্ষক ফোরাম সাধারণ সম্পাদকসহ ৪টি পদে জয়ী হয়েছেন। গত শনিবার এ নিবার্চন অনুষ্ঠিত হয়েছে।

বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত এ নির্বাচনে মোট ৪৭৫টি ভোটের মধ্যে ৩২৯ জন শিক্ষক ভোটাধিকার প্রয়োগ করেন। নির্বাচন পরিচালনা করেন বিদায়ী সভাপতি প্রফেসর ড. মোঃ নূরুল হক। নির্বাচনে সভাপতি পদে বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকদের সমন্বিত 'সোনালী দল ও আদর্শ শিক্ষক পরিষদ' প্যানেলের প্রফেসর ড. মোঃ বাহাদুর মিঞা আওয়ামী ও বামপন্থী শিক্ষকদের 'গণতান্ত্রিক শিক্ষক ফোরাম' প্যানেলের প্রফেসর ড. মোঃ সুলতান উদ্দিন ভুঞাকে ২৫ ভোটে পরাজিত করেন। ড. বাহাদুর ভোট পেয়েছেন ১৭৪টি। সাধারণ সম্পাদক পদে 'গণতান্ত্রিক শিক্ষক ফোরাম'-এর প্রফেসর ড. এম এ এম ইয়াহিয়া খন্দকার ১০ ভোটে সোনালী দলের প্রফেসর ড. মোঃ আকতারুজ্জামানকে পরাজিত করেন। ড. খন্দকার ভোট পেয়েছেন ১৬৩টি। এছাড়া সহ-সভাপতি পদে জয়ী হয়েছেন সোনালী দলের প্রফেসর ড. খন্দকার শরীফুল ইসলাম (১৭১), কোষাধ্যক্ষ পদে জয়ী হয়েছেন সোনালী দলের প্রফেসর ড. মোঃ মকবুল হোসেন (১৯১), যুগ্ম সম্পাদক পদে জয়ী হয়েছেন গণতান্ত্রিক শিক্ষক ফোরামের ড. হারুনুর রশীদ (১৬১)। এছাড়া ছয়টি সদস্য পদের মধ্যে ৪টি পেয়েছে সোনালী দল ও ২টি সদস্য পদে জয়ী হয়েছেন গণতান্ত্রিক শিক্ষক ফোরাম। সোনালী দল থেকে সদস্য পদে নির্বাচিত হয়েছেন প্রফেসর ড. মোঃ আবদুল কুদ্দুছ (১৬৮), প্রফেসর ড. মোঃ শামছুল আলম (১৯২), প্রফেসর ড. মোঃ আলিমুল ইসলাম (১৭৩) ও প্রফেসর ড. মোঃ মোখলেছুর রহমান (১৮১) এবং গণতান্ত্রিক শিক্ষক ফোরাম থেকে সদস্য পদে নির্বাচিত হয়েছেন প্রফেসর ড. এমদাদুল হক চৌধুরী (১৭১) ও মোঃ সাইদুর রহমান (১৭৪)।